

আজ থেকে খুঁদে পাঠকদের বইমেলা

৩২টি স্টলে ৪৯টি প্রকাশনা সংস্থা অংশ নেবে।

যাযাদি রিপোর্ট

জাতীয় শিশু দিবস থেকে স্বাধীনতা দিবস। ১৭ থেকে ২৬ মার্চ। এই দশ দিন শুধু শিশুদের বইপড়া ও কেনার দিন ঘোষণা করা হয়েছে। এ সময়কালে, বাংলাদেশ শিশু একাডেমীর আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে শিশু একাডেমী বইমেলা ২০১৩। এই তৃতীয়বারের মতো আয়োজন করা হচ্ছে এ মেলায়। তবে এবারই প্রথম বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি সহযোগিতা করছে এ মেলায়। পৃষ্ঠপোষকতায় রয়েছে অগ্রণী ব্যাংক লিমিটেড।

দশদিনের এই বইমেলায় ৬২টি স্টলে ৪৯টি প্রকাশনা সংস্থা অংশ নেবে। সেন্সে আয়োজনের প্রত্যেক দিনই প্রিয় লেখকের সঙ্গে সন্য কাটানোর লোকনীয় আকর্ষণ থাকছে শিশুদের জন্য। এনবের পাশাপাশি সাংস্কৃতিক অনুষ্ঠানসহ আরো কত কিছু রয়েছে আগামী দিনের কাওরীদের জন্য।

বইমেলাকে কেন্দ্র করে শিশু একাডেমী প্রাঙ্গণে এখন-সাগর সাজে রব। এখানে স্টল তৈরি হচ্ছে তো, ওখানে মঞ্চ বানানোর কাজ চলছে। এরই মাঝে সর্বশেষ প্রস্তুতি নিয়ে যাংবাদিকদের সঙ্গে বসেছেন একাডেমীর কর্তারা। শনিবার সকালে একাডেমীর পেমিনার কক্ষে সাংবাদিকদের সঙ্গে নতুনিনিময় করেন মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রকাশন) আ ই ম গোলাম কিবরিয়া, শিশু একাডেমীর চেয়ারম্যান শেখ আব্দুল আহাদ, পরিচালক মো. নূরুজ্জামান এবং জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির নির্বাহী পরিচালক ফরিদ আহমেদ।

সংবাদ সম্মেলনে জানানো হয়, পড়তে দেশ পড়বে। বই/কবিতার আলোয় দীপ্ত হই- এই ভাবনাতে প্রতিপাদনা করে আজ সোমবার বিকালে বইমেলায় উদ্বোধন করবেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ডা. শিরিন পারভিন চৌধুরী। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চিত্রশিল্পী হারুণ খান ও অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ওয়ারেন উল্লাহ খান মাসুদ।

সংবাদ সম্মেলনে আরো জানানো হয়, মেলায় শুধুমাত্র শিশু-কিশোরদের উপযোগী গ্রন্থ প্রদর্শন ও বিক্রি করা যাবে। শুধুমাত্র ২৫ গভাংন ছাড়া মেলা-খুঁদে বই কেনা যাবে। তবে-৫০০ টাকার অধিক বই কিনলে কমিশনের হার নির্ধারণ হবে পড়করা ৩০ গভাংন। মেলায় পাইরেট ও ভিন্ন সংস্কৃতির বই কেনা-ডোরেনন বিক্রি নিষিদ্ধ করা হয়েছে।

মেলা প্রাঙ্গণে থাকছে লেখক ফুটনি ও মোড়ক উন্মোচন কেন্দ্র। লেখক ফুটনিতে জনপ্রিয় লেখকরা আজ সন্ধ্যায় শিশু-কিশোরদের সঙ্গে, লেখকদের মধ্যে রয়েছেন- ড. মুহম্মদ জাফর ইকবাল, ইমদাদুল হক মিলন, আনিসুল হক প্রমুখ। এছাড়াও থাকছে ছড়া-কবিতা পাঠ, সৃষ্টিমন্ডলের গল্প বলা, আকাশ পর্যবেক্ষণ ব্যবস্থা, রঙিন ঘড়ি ও রঙিন তাম্বুল তৈরির কর্মশালা এবং শিশুদের প্রিয় সিনেমাপুরের চরিত্র। এনবের পাশাপাশি শিশুদের চিত্রাঙ্কন, প্রবন্ধ রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা এবং সৃষ্টিমন্ডলিক শিশু চলচ্চিত্র প্রদর্শনের আয়োজন থাকছে।